

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(পৌর শাখা-৩)

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ শে বৈশাখ, ১৪০৮/২রা মে, ২০০১

এস, আর, ও নং ১১০-আইন/২০০১—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস, আর, ও-৫৩-আইন/২০০১, তারিখ-২৬ শে ফেব্রুয়ারী, ২০০১ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকা সম্বন্ধে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978 অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার পরামর্শ ও আপত্তি আহবান করার জন্য সিলেট জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সম্বন্ধে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

( ১৫৮৫ )

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর Section 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা সিলেট জেলার গোপালগঞ্জ উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ২৭ শে বৈশাখ, ১৪০৮ বাংলা মোতাবেক ১০ই মে, ২০০১ ইংরেজী তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল। এই মিউনিসিপ্যালিটি গোপালগঞ্জ মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

## তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
	গোপালগঞ্জ	স্বরস্বতি	৬	০১-৯৪১
		টিকরবাড়ী	৭	০১-২১০
		দাঁড়িপাতন	৮	০১-১৫১১
		ঘোগারকুল(আংশিক)	১৭	০১-১২৭৬, ১২৭৮-১৪৫০।
		রনকেলী	২৮	০১-১২১৬, ১৩০১-১৯৭০, ২৫০১-৪২৮৯, ৫৫০১-৬৭১১।
		বাদেরনকেলী	২৭	০১-৫৪২
	ফুলবাড়ী	ফুলবাড়ী (আংশিক)	২৯	৪৬-১৬৩, ২৬৭-৩৮০, ৬২০- ৬২৫, ৬৩৩-৭০৩, ১৭৮৫- ১৭৯৪, ১৭৯৬-১৯৩০, ২০৭৭- ২০৮৯, ২০৯৮, ২৩০৭, ২৩১০, ২৫০১-৩৭২০।
	লক্ষ্মীপাশা	ঘোষণাও (আংশিক)	৫২	৮১-৮৬, ৬০৫-৭৫৯, ৭৬১, ৭৬২, ৭৮৫-৮০৪, ৮১৮, ১০৮০-১২১৪।
	ঢাকা দক্ষিণ	বারকুট (আংশিক)	৫৪	২৭৫-৪০৮, ১৩৫২, ১৩৫৬।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবদুস সাত্তার মিঞা  
যুগ্ম-সচিব(উন্নয়ন)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।